দৈনিক ইনকিলাব

64

তারিখ JUL 31 199.. ... ...
পৃষ্ঠা 2 ... কলাম 9 ......

## সিলেটে মাদ্রাসা শিক্ষকদের মহাসম্মেলন

# ইসলামী শিক্ষা সংকোচন ও মাদ্রাসা শিক্ষা বন্ধের প্রক্রিয়া প্রত্যাহার করুন

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** সম্প্রতি সিলেট বিভাগীয় সদরে পৌর পয়েন্টে সিলেট আঞ্চলিক/ বিভাগীয় জমিয়াতুল মোদারেছীনের উদ্যোগে মাদ্রাসা শিক্ষক ও ছাত্রদের এক ঐতিহাসিক মহাসম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে সিলেট আঞ্চলিক জমিয়াতের সভাপতি বিশ্বনাথ আলিয়া মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা ইসহাক সভাপতিত্ব করেন। সম্মেলনে বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীনের মহাসচিব মাওলানা এমএ লতিফ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

সম্মেলনে ইসলামী শিক্ষা সংকোচন নীতি পরিহার, মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহারের ও এমপিও বন্ধের আদেশ বাতিলের দাবীতে মহাসম্মেলনে বক্তব্য রাখেন আঞ্চলিক ও জেলার নেতৃবৃন্দ। এদের মধ্যে রয়েছেন— মাওলানা আব্দুল মতিন শাহবাগী, মাওলানা এমএ নূর, মাওলানা হাবিবুর রহমান, মাওলানা রফিকুল ইসলাম, মাওঃ মনোয়ার আলী, মাওঃ নেজাম উদ্দিন, মাওঃ লুৎফুর রহমান, মাওলানা আব্দুস সবুর, মাওঃ আব্দুস সালাম প্রমুখ। সম্মেলন পরিচালনা করেন মাওঃ নুমান আহম্মদ বিশ্বনাথী।

সম্মেলনে প্রধান অতিথি মাওলানা এমএ লতিফ তার ভাষণে বলেন, সবার জন্য শিক্ষা কর্মসূচীর সাফল্যের লক্ষ্যে স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসায় বেতন-ভাতাসহ রেজিঃ প্রাইমারীর মত সকল সুযোগ-সুবিধা জরুরীভাবে চালু করা হোক। অন্যদিকে অযৌক্তিকভাবে গোপনীয় নীতির অজুহাতে যে সকল মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার ও এমপিও বন্ধ করা হয়েছে অবিলম্বে নিঃশর্তভাবে তা করা হোক। তিনি অসত্য তথ্য প্রচার থেকে বিরত থেকে উদ্ভূত পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করার জন্য প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন। সম্মেলনে সর্বসম্মতিক্রমে সরকারের নিকট নিম্নলিখিত দাবী পেশ করা হয়ঃ

স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের বেতন-ভাতা রেজিঃ প্রাইমারী স্কুলের মত অন্যান্য সুযোগসহ মাদ্রাসা বোর্ড ও শিক্ষা মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে রেখে দাঁড় করা হোক।

সম্মেলনে ইসলামী শিক্ষা সংকোচন ও মাদ্রাসা বন্ধের বিষয়ে সৃষ্ট জটিলতা নিরসনকল্পে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করা হয়।